

এগিয়ে যাওয়ার তথ্যপত্রিকা

যে সব মা বাবা ও কেয়ারার নতুন এসেছেন
অল্পবয়সী ছেলেমেয়েদের নিরাপদে, খুশী রাখা এবং
শিক্ষায় মা বাবাদের সাহায্য



সেকেভারি স্কুল শুরু করা - যেসব মা বাবা ও কেয়ারার নতুন এসেছেন তাদের জন্য সেবা কয়েকটি পরামর্শ

সেকেভারি স্কুল কি ?

- ইউকের 11 থেকে 16 বছরের ছেলেমেয়েরা সেকেভারি স্কুলে পড়ে।
- সেকেভারি স্কুলে ছেলেমেয়েরা GCSE নামক যোগ্যতা অর্জনের জন্য পড়াশুনা করে।
- সাধারণত স্কুল পড়ুয়াদের স্কুলের রং-এ উর্দি (ইউনিফর্ম) পরতে হয়।
- সেকেভারি স্কুল শুরু করা, রুটিন তৈরী করে নেওয়া, বন্ধুত্ব পাতানো এসবের সাহায্যে শরণার্থী ছেলেমেয়েরা ইউকের নতুন জীবনে মিলেমিশে যায় এবং নিশ্চিত নিরাপদ বোধ করে।
- ছাত্রদের মূল দেশ, ধর্ম, বিশ্বাস বা অতীতের অভিজ্ঞতা যাই হোক সেকেভারি স্কুল প্রতিটি ছেলেমেয়েকে সেবা মানের শিক্ষা এবং গঠনাত্মক অভিজ্ঞতা দেওয়া অঙ্গীকারবদ্ধ।
- এই সুযোগে আপনার সন্তান নতুন দক্ষতা শিখতে ও নতুন বন্ধু তৈরী করতে পারে।

যে ছেলেমেয়েরা নতুন এসেছে তাদের এই ব্যবস্থার সঙ্গে মানিয়ে নিতে সাহায্য করা

শরণার্থী পরিবার ও ছেলেমেয়েদের এই ব্যবস্থার সঙ্গে মানিয়ে নেওয়া ও স্বচ্ছন্দবোধ করানোর জন্য স্কুল যথাসম্ভব চেষ্টা করবে।

- শরণার্থী শিশু স্কুল শুরু করলে, সম্পূর্ণ স্কুল ঐ নতুন শিক্ষার্থীকে স্বচ্ছন্দবোধ করাতে তার সংস্কৃতি ও ভাষার উৎসবপালন করায় উৎসাহিত করে।
- কয়েকটা স্কুল শরণার্থী পরিবারদের জন্য, তাদের প্রাথমিক ভাষায় ওয়েলকাম প্যাক তৈরী করে দেয়।
- স্কুল শুরু করার সময় রিফিউজি ছেলেমেয়েরা “বন্ধু” পেতে পারে। অর্থাৎ স্কুলের আরেক বন্ধু যে তাকে মানিয়ে নিতে ও বন্ধুত্ব করতে সাহায্য করবে।
- স্কুল একই দেশের ছেলেমেয়েদের মধ্যে সম্পর্কস্থাপনে উৎসাহবর্ধন করে।
- ছাত্রছাত্রী ও শিক্ষিকা যাতে একে অপরকে ভালোমত বুঝতে পারে সেজন্য সাধারণত দ্বিভাষিক অভিধান পাওয়া যায়।
- ছেলেমেয়েদের আঁকা, সৃজনশীল লিখন বা নাট্যচর্চার মাধ্যমে তাদের অনুভূতি ব্যক্ত করতে উৎসাহবর্ধন করা হয়।

ইংরেজি শেখা

সেকেভারি স্কুলে থাকাকালীন আপনার সন্তানকে ইংরেজি শেখায় উৎসাহী করে তোলা হবে। প্রথমদিকে সে শুধু অন্যান্য ছাত্র ও শিক্ষিকার কথোপকথন শুনে নতুন শব্দ ও স্বর শিখতে শুরু করবে। কম্পিউটার ভাষা দক্ষতার বিকাশে সহায়ক হতে পারে।

ইংরেজি ভাষা শেখার সময় শরণার্থী ছেলেমেয়েদের মাতৃভাষায় কথা বলায় উৎসাহবর্ধন করা হয়। তার ফলে তাদের পরিচয় বজায় থাকে। বেশ কয়েকটি স্থানীয় লাইব্রেরীতে অন্যান্য ভাষায় বই রাখা হয়। আপনি আপনার মাতৃভাষায় আপনার সন্তান ও আপনার জন্য একসঙ্গে মিলে পড়ার বই নিতে পারেন।

মা বাবাদের জন্যও স্কুল!

- ইউকের সেকেন্ডারি স্কুল মা বাবাদের সব সময় কাজে জড়িত হতে বিশেষভাবে উৎসাহিত করে। আপনার সন্তানের শিক্ষায় আপনার ইতিবাচক ভূমিকা থাকবে।
- শিক্ষক ও অন্যান্য মা বাবার সঙ্গে দেখা করার জন্য আপনাকে নিয়মিত স্কুলে আমন্ত্রণ জানানো হবে। স্কুলে মেলা, ওপন ডে, ক্রীড়া দিবস (স্পোর্টস ডে) ও অভিভাবকদের সাক্ষ্য আসর আয়োজিত হয়, তাতে পরিবারের লোকেরা স্কুলে আসতে পারে। প্রয়োজন হলে ভাষান্তর ও অনুবাদের ব্যবস্থাও করা হয়।
- যে কোনো সময় কর্মীদের সদস্য বা শিক্ষিকার সঙ্গে কথা বলার জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন।
- চিঠি ও সার্টিফিকেটের মাধ্যমে আপনি জানতে পারবেন আপনার ছেলেমেয়েদের পড়াশুনা কেমন চলছে, এগুলি প্রয়োজনে অনুবাদও করে দেওয়া যায়। আপনাকে স্কুলের অ্যাসেম্বলিতে বা বিশেষ অনুষ্ঠানে সাহায্য করার জন্য স্কুলে আমন্ত্রণও জানানো যায়।
- প্রায়ই স্কুলে বিশেষ রুম থাকে, সেখানে মা বাবারা মিলিত হতে পারেন, এবং শরণার্থী পরিবারদের পরস্পর আলাপ পরিচয়ের জন্য সকালে কফির আসর বা অনুষ্ঠানের ব্যবস্থা থাকে।

স্কুল ও বৃহত্তর সমাজ

কর্মীরা আপনাকে স্থানীয় পরিষেবা ও শরণার্থী সংগঠনের সঙ্গে যোগাযোগ করিয়ে দিতে পারে, যারা এসব বিষয়ে সাহায্য করতে পারে :

- বাসস্থান
- চাকরি পাওয়া
- বেনিফিট (সামাজিক সুযোগ সুবিধা) পাওয়া
- আইন ও অভিবাসন সংক্রান্ত বিষয়
- ইংরেজি শেখায় সাহায্য
- স্বাস্থ্য পরিচর্যা এবং ডাক্তারের কাছে রেজিস্ট্রিকৃত হওয়া
- স্থানীয় যুবকদের ক্লাব
- ছুটির প্রকল্প
- খেলাধুলা
- মহিলা সংগঠন
- সাংস্কৃতিক অনুষ্ঠান

আরো তথ্য ও পরামর্শের জন্য :

Refugee Action – টেলিফোন : 020 7654 7700 ওয়েবসাইট : www.refugee-action.org.uk

The Refugee Council – টেলিফোন : 020 7346 6777 ওয়েবসাইট : www.refugeecouncil.org.uk

Department of Education and Skills – ওয়েবসাইট : www.dfes.gov.uk

Help with GCSEs – ওয়েবসাইট : www.bbc.co.uk/schools/gcsebitesize, www.gcse.com

Parentline (সাধারণ সাহায্য) – টেলিফোন : 0808 800 2222 ওয়েবসাইট : www.parentlineplus.org.uk

এখানে স্থানীয় তথ্য ও যোগাযোগের বিবরণ যুক্ত করুন

© ক্রাউন কপিরাইট আগস্ট 2006